

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯২. ফজরের দু' রাক'আত সুন্নাত সংক্ষেপ করা প্রসঙ্গে

باب فِي تَخْفِيفِهِمَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلِ، حَدَّثَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ الْعَلَاءِ، حَدَّثَنِي أَبُو زِيَادَةً، عَبِيْدُ اللهِ بْنُ زِيَادِ الْكِنْدِيُّ عَنْ بِلَالٍ، أَنَّهُ حَدَّثَهُ أَنَّهُ، أَتَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لِيُوْذِنَهُ بِصَلَاةِ الْغَدَاةِ فَشَغَلَتْ عَائِشَةُ بِلَالاً بِأَمْرٍ سَأَلَتْهُ عَنْهُ حَتَّى فَضَحَهُ الصَّبْحُ فَأَصْبَحَ جِدًّا قَالَ فَقَامَ بِلَالٌ فَآذَنَهُ بِالصَّلَاةِ وَتَابَعَ أَذَانَهُ، فَلَمْ يَحْرُجْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَلَمَّا خَرَجَ صَلَي بِالنَّاسِ وَأَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ شَغَلَتْهُ بِأَمْرٍ سَأَلَتْهُ عَنْهُ حَتَّى أَصْبَحَ وَسلم فَلَمَّا خَرَجَ صَلَي بِالنَّاسِ وَأَخْبَرَهُ أَنَّ عَائِشَةَ شَغَلَتْهُ بِأَمْرٍ سَأَلَتْهُ عَنْهُ حَتَّى أَصْبَحَ جَدًّا، وَأَنَّهُ أَبْطَأَ عَلَيْهِ بِالْخُرُوجِ فَقَالَ " إِنِّي كُنْتُ رَكَعْتُ رَكْعْتَى الْفَجْرِ". فَقَالَ : يَا رَسُولَ اللهِ! إِنَّكَ أَصْبَحْتَ جِدًّا. قَالَ " لَوْ أَصْبَحْتُ أَكُثُرَ مِمَّا أَصْبَحْتُ لَرَكَعْتُهُمَا وَأَحْسَنَتُهُمَا وَأَحْسَنَتُهُمَا وَأَجْمَلَتُهُمَا وَأَجْمَلَتُهُمَا وَأَجْمَلَتُهُمَا ".

_ صحیح

বাংলা

১২৫৭। বিলাল (রাঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের সালাতের সংবাদ দিতে আসলে 'আয়িশাহ্ (রাঃ) বিলালকে কোন বিষয়ে প্রশ্ন করে তাকে তাতেই ব্যস্ত রাখলেন, এমতাবস্থায় আকাশ পরিষ্কার হয়ে গেলো। বর্ণনাকারী বলেন, অতঃপর বিলাল (রাঃ) এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বারবার সংবাদ দেয়া সত্ত্বেও তিনি বাইরে আসলেন না। অতঃপর কিছক্ষণ পর বাইরে এসে লোকদেরকে নিয়ে সালাত আদায় করলেন।

তিনি তাঁকে জানালেন যে, 'আয়িশাহ্ (রাঃ) তাকে কোন এক কাজে ব্যস্ত রেখেছিলেন এবং তিনি-ও বাইরে আসতে যথেষ্ট দেরী করেছেন, এমতাবস্থায় আকাশ পরিষ্কার হয়ে যায়। অতঃপর (বিলম্ব হওয়ার কারণ সম্পর্কে) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি ফজরের দু' রাক'আত (সুন্নাত) সালাত আদায় করেছি। বিলাল



বললেন, হে আল্লাহর রসূল! আপনিও আজ খুব ভোর করে ফেলেছেন। তিনি বললেনঃ আমি এর চেয়ে অধিক ভোর করলেও ঐ দু' রাক'আত আদায় করবো এবং তা উত্তম সুন্দরভাবে আদায় করবো।[1]

সহীহ।

English

Narrated Bilal:

Ziyadah al-Kindi reported on the authority of Bilal that he (Bilal) came to the Messenger of Allah (**) to inform him about the dawn prayer. Aisha kept Bilal engaged in a matter which she asked him till the day was bright and it became fairly light. Bilal then stood up and called him to prayer and called him repeatedly. The Messenger of Allah (**) did not yet come out. When he came out, he led the people in prayer and he (Bilal) informed him that Aisha had kept him engaged in a matter which she asked him till it became fairly light; hence he became late in reaching him (in time). He (Bilal) said: Messenger of Allah, the dawn became fairly bright. He said: If the dawn became brighter than it is now, I would pray them (the two rak'ahs of the sunnah prayer), offer them well and in a more beautiful manner.

ফুটনোট

[1] আহমাদ (৬/১৪) ı

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন